



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা ১০০০

২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শূদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে হাইড্রোকার্বন ইউনিট-এর নৈতিকতা কমিটির প্রথম সভার কার্যবিবরণী।

সভাপতি	মো: শামীম খান মহাপরিচালক (যুগ্মসচিব)
সভার তারিখ	৩১-০৭-২০২৩ ইং
সভার সময়	বিকাল ০৩:৩০ ঘটিকা
স্থান	কনফারেন্স রুম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২.০। আলোচনাঃ

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় জাতীয় শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রথম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়। সভাপতি অত্র অফিসের জাতীয় শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রথম কোয়ার্টারে কি কি বাস্তবায়ন করতে হবে সে বিষয়ে আলোচনা করেন।

২.২ সভাপতি ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় মন্ত্রিপরিষদ বিভাগের ছক অনুযায়ী শূদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ; সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভা; কর্ম-পরিবেশ উন্নয়নের জন্য পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম; অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব ও উন্নয়ন বাজেট); বাজেট বাস্তবায়ন; সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ; হাইড্রোকার্বন ইউনিটের অভ্যন্তরীণ অডিট সম্পন্ন করা; জ্বালানি সেক্টরের দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট সকলকে নিয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধিকরণের নিমিত্তে দুর্নীতি প্রতিরোধ বিষয়ক কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা করেন।

ফোকাল পয়েন্ট জানান, কর্ম-পরিবেশ উন্নয়নের অংশ হিসেবে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির জন্য অফিসের ব্যবহৃত আসবাবপত্র জীবানুনাশক স্প্রে দ্বারা জীবানু মুক্তকরণ; মাঝ পড়া, হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার উৎসাহিত করা; অফিস প্রাঙ্গণ প্রত্যহ পরিষ্কারকরণ করা হয়।

পরিশেষে সভাপতি শূদ্ধাচার কৌশল বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


৩.০। সিদ্ধান্তঃ

ক) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করতে হবে।

খ) হাইড্রোকার্বন ইউনিটের অভ্যন্তরীণ অডিট নিষ্পত্তিকরণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ) জ্বালানি সেক্টরের দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট সকলকে নিয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধিকরণের নিমিত্তে দুর্নীতি প্রতিরোধ বিষয়ক কর্মশালা আয়োজন করতে হবে।

৪.০। সভায় আর কোন বিষয় না থাকায় কমিটির সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১০-০৮-২০২৩

মো: শামীম খান

মহাপরিচালক (যুগ্মসচিব)

৮৩৯১০৭৫

hcu@hcu.org.bd


২৬ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ১০ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৫৪.০০১.১৮.৮৮২

বিতরণ :

১। উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।



১০-০৮-২০২৩

মো: শামীম খান

মহাপরিচালক (যুগ্মসচিব)